



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪) সভার কার্যবিবরণী প্রসঙ্গে।

সভাপতি	মোহাম্মদ আনোয়ার উদ্দিন মহাপরিচালক
সভার তারিখ	২৮ নভেম্বর ২০২৪ খ্রি.
সভার সময়	বিকাল ৩:৩০ ঘটিকা
স্থান	অনলাইন জুম প্লাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪ খ্রি.) সভা ২৮ নভেম্বর ২০২৪ খ্রি মাসের সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব ২০২৪-২০২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন।

২.০ বিস্তারিত আলোচনান্তে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪ খ্রি.) সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

(ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরের সিটিজেন চার্টারের কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪ খ্রি.) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

ক্রম. নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	লক্ষ্যমাত্রা	আইসিটি অধিদপ্তরের অগ্রগতি
১.	[১.১] কর্ম-পরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	[১.১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত	৪ বার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	সেবা প্রদান প্রতিশ্রুতি ১ম কোয়ার্টারে হালনাগাদকৃত এবং ২য় কোয়ার্টারের কার্যক্রম চলমান
২.	[১.২] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহ না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	[১.২.১] আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত/ অবহিতকরণ সভা আয়োজিত	৪ বার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহ ১ম কোয়ার্টারে হালনাগাদকৃত এবং ২য় কোয়ার্টারের কার্যক্রম চলমান

৩.	[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন।	[২.১.১] সভা আয়োজিত/প্রতিবেদন প্রেরিত	৪টি সভা আয়োজন করতে হবে	প্রথম কোয়ার্টারের ১টি সভা গত ২৯/০৯/২৪ এবং ২য় কোয়ার্টারে গত ২৮/১১/২০২৪ অনুষ্ঠিত হয়েছে
৪.	[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহের কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।	[২.২.১] কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজিত/ বার্ষিক প্রতিবেদন প্রেরিত	আয়োজন করতে হবে	কার্যক্রম চলমান

(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪খ্রি.) সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম. নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিতভাবে হালনাগাদ করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	প্রধান কার্যালয় ও আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহ
২.	মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত ২০২৪-২৫ অর্থবছরের সিটিজেনস চার্টার নির্দেশিকা অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	প্রধান কার্যালয় ও আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহ

(গ) সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

Mamun

০২-১২-২০২৪

মোহাম্মদ আনোয়ার উদ্দিন

মহাপরিচালক

+৮৮ ০২-৪১০২৪০৭২ (ফোন)

+৮৮ ০২-৫৫০০৬৮৮২ (ফ্যাক্স)

dg@doict.gov.bd

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.১৬.০৩১.১৭.১০০৪


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২। সিস্টেম ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩। পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। উপ-পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৬। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৭। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের

অনুরোধসহ)।

৮। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয়
অবগতির জন্য)।

৯। অফিস কপি।



Tapani

০৪-১২-২০২৪

তাপসী রাবেয়া

উপ-পরিচালক